

শিক্ষা কাঠামো

চতুর্থ শিল্পবিপ্লবের কারণে জীবন-জীবিকার দ্রুত পরিবর্তন, কোভিডের ন্যায় অতিমারি, স্থানীয়-বৈশ্বিক অভিবাসন, মানুষের জীবনধারা ও মনোসামাজিক জগতে দ্রুত পরিবর্তন, এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশে পদার্পণের লক্ষ্যে সরকার ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পর্যায়ক্রমে নতুন কারিকুলাম প্রণয়ন ও বিস্তরণের উদ্যোগ গ্রহণ করেছে:

- ‘জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১’ অনুযায়ী প্রণীত জাতীয় শিক্ষাক্রম ২০২২ সালে সারাদেশে ৬২টি শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ শ্রেণিতে পাইলটিং করা হয়েছে এবং ২০২৩ সালের জানুয়ারি থেকে সারাদেশে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে চালু করা হয়েছে;
- ২০২৪ শিক্ষাবর্ষে অষ্টম ও নবম শ্রেণির শিক্ষার্থীদের জন্য শিখন-শেখানো সামগ্রী (পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা) প্রণয়নের কাজ চলছে।
- ২০২৫ শিক্ষাবর্ষে দশম শ্রেণি পর্যন্ত শিখন-শেখানো উপকরণ শিক্ষার্থীদের প্রদানের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে;
- পর্যায়ক্রমে ২০২৭ সালের মধ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিখন-শেখানো উপকরণ শিক্ষার্থীদের প্রদানের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে;